41

দৈনিক সংবাদ

তারিখ JAN. 24 1999
পৃষ্ঠা ৫ কলাম ৭

# দুর্নীতি ও অনিয়মের দায়ে কুমারখালীর ৪২টি স্কুলের ছাত্রী উপবৃত্তি বাতিল

কুষ্টিয়া, ২৩শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- দুর্নীতি ও অনিয়মের দায়ে কুষ্টিয়া জেলার কুমারখালী থানার ৪২টি স্কুলের ছাত্রী উপবৃত্তি বাতিল ঘোষণা করা হয়েছে বলে জানা গেছে।

নারী শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে বিগত সরকারের আমলে প্রথমত, শহরাঞ্চলের বাইরে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বেতন মওকুফ করে এবং পরবর্তীতে সরকার, ছাত্রীরা যাতে সুষ্ঠুভাবে লেখাপড়া করতে পারে, যাতে পিতামাতার কষ্ট না হয় সেজন্য থানা পর্যায়ে 'ফিমেল সেকেন্ডারি স্কুল এসিস্ট্যান্স প্রজেক্ট'-এর মাধ্যমে উপবৃত্তি চালু করে। ফলে ছাত্রীদের লেখাপড়ার প্রতিবন্ধকতা দূর হয়।

কিন্তু কতিপয় দুর্নীতিবাজ শিক্ষক যোগসাজশ করে ছাত্রীবৃত্তির টাকা আত্মসাৎ করতে শুরু করে।

সরকারি নীতিমালা অনুযায়ী যেসব ছাত্রীর বিদ্যালয়ে হাজিরা শতকরা ৭৫ ভাগ, বার্ষিক পরীক্ষায় শতকরা ৪৫ নম্বর পাবে, বিদ্যালয় পরিত্যাগ করেনি এবং যে ছাত্রীর বিয়ে হয়নি কেবল তারাই এই উপবৃত্তির টাকা পাবে।

কিন্তু কুমারখালী থানায় এ সরকারি নিয়মনীতি মান্য হচ্ছে না। এ থানার অনেক বিদ্যালয়ে বিবাহিত, বিদ্যালয় পরিত্যাগকারিণী কলেজে অধ্যয়নরতা ভুয়া ও অবৈধ ছাত্রীদের নামেও বৃত্তির টাকা উঠানো হচ্ছে।

এসব অভিযোগের প্রেক্ষিতে ইতিমধ্যে উপবৃত্তি থানা প্রজেক্ট অফিসার, কুমারখালী থানার ৪২টি বিদ্যালয়ে ব্যাপক তদন্ত করে প্রায় ১ হাজার ৫শ' ছাত্রীর সরকারি নীতিমালা লংঘন প্রমাণিত হওয়ায় তাদের উপবৃত্তি বাতিল করেছেন।

উপবৃত্তি বাতিল করলেও দুর্নীতিবাজ শিক্ষকদের বিরুদ্ধে এখনো কোন ব্যবস্থা গ্রহণের খবর পাওয়া যায়নি।